

দেশের চিকিৎসাসহ সামগ্রিক স্বাস্থ্যখাতে গবেষণার বিষয়ে একটি শক্তিশালী প্ল্যাটফর্ম-এর শুভ যাত্রা বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সাথে আইসিডিডিআর,বি, বিট্রিশ মেডিক্যাল জার্নাল (বিএমজে)-এর সাথেসর্বাধুনিক অতীব প্রয়োজনীয় চিকিৎসা ও স্বাস্থ্য সংক্রান্ত গবেষণা বিষয়ক সমঝোতা চুক্তি স্বাক্ষর

অসংক্রামক রোগসহ সর্বাধুনিক অতীব প্রয়োজনীয় চিকিৎসা ও স্বাস্থ্য বিষয়ক গবেষণা কার্যক্রম এগিয়ে নেয়ার লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সাথে আইসিডিডিআর,বি, বিট্রিশ মেডিক্যাল জার্নাল (বিএমজে)-এর সাথে আজ ২৯ আগস্ট ২০১৭ মঙ্গলবার সকাল ৯টায় এ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য



মহোদয়ের কার্যালয়ে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি সমঝোতা চুক্তি স্বাক্ষর হয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের পক্ষে মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান, আইসিডিডিআর,বি-এর পক্ষে ডেপুটি এক্সিকিউটিভ ডিরেক্টর জনাব সৈয়দ মনজুরুল ইসলাম ও বিট্রিশ মেডিক্যাল জার্নাল (বিএমজে)-এর পক্ষে ম্যানেজিং ডিরেক্টর ইন্ডিয়া এন্ড সাউথ এশিয়া-এর প্রশান্ত মিশ্র সমঝোতা চুক্তিতে স্বাক্ষর করেন। এসময় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এএসএম জাকারিয়া স্বপন, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ডা. মোঃ আসাদুল ইসলাম, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, পরিচালক (পরিদর্শন) অধ্যাপক ডা. একেএম সালেহ, অতিরিক্ত রেজিস্ট্রার ডা. স্বপন কুমার তপাদার, ডেপুটি রেজিস্ট্রার ডা. আব্দুল্লাহ আল মামুন প্রমুখ উপস্থিত ছিলেন।

সমঝোতা স্বাক্ষর অনুষ্ঠানে বক্তারা জানান, গুরুত্বপূর্ণ এই সমঝোতা চুক্তি চিকিৎসা বিষয়ক গবেষণার ক্ষেত্রে পরিকল্পনা গ্রহণ, গবেষণার বিষয় নির্ধারণ, অর্থের সংস্থান, গবেষণা বিষয়ক প্রশিক্ষণ, বৈজ্ঞানিক সেমিনার, গবেষণা বিষয়ক প্রটোকল তৈরি, গবেষণাসমূহ বিশ্ব নন্দিত জর্নালসহ বিভিন্ন পাবলিকেশনে প্রকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এর মাধ্যমে দেশের চিকিৎসাসহ সামগ্রিক স্বাস্থ্যখাতে গবেষণার বিষয়ে একটি শক্তিশালী প্ল্যাটফর্ম-এর শুভ যাত্রা শুরু হলো বলে বক্তারা উল্লেখ করেন।